

ঢাকা ওয়াসা

বিষয়: জ্যেষ্ঠতা নির্ধারণ (১ম ও ২য় শ্রেণী) কমিটির সভা সংক্রান্ত।

১০২। পূর্ব পৃষ্ঠার নোট অনুচ্ছেদ-১০১ মোতাবেক আলোচনা মোতাবেক নোট পুনরায় উপস্থাপন করা হলো। ঢাকা ওয়াসার সকল কর্মকর্তা/কর্মচারীগণের জ্যেষ্ঠতা নির্ধারণের লক্ষ্যে ২২/০১/২০২৬ তারিখ একটি কমিটি পুনর্গঠন করা হয়। সে মোতাবেক আগামী ১৩/০৫/২০২৬ তারিখ বুধবার বেলা ৩.০০ ঘটিকায় ওয়াসা ভবনস্থ ৪র্থ তলায় (তুরাগ হল) ১ম ও ২য় শ্রেণী কর্মকর্তাগণের জ্যেষ্ঠতা নির্ধারণের লক্ষ্যে গঠিত কমিটির সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত কমিটিতে সদস্য, কো-অপ্ট সদস্য ও সহায়তাকারীগণের সম্মানী উচ্চতর সিলেকশন বোর্ডের সদস্যগণ ও সহায়কগণ প্রতি সভার জন্য যেরূপ সম্মানী পেয়ে থাকেন সেভাবে প্রাপ্য হবেন মর্মে উল্লেখ রয়েছে। সে মোতাবেক গঠিত কমিটির সদস্য, সহায়তাকারী এবং কো-অপ্ট সদস্যদের ১৩/০৫/২০২৬ তারিখে অনুষ্ঠিত সভাসহ পরবর্তী প্রতিটি সভার জন্য নিম্নোক্তভাবে সম্মানী প্রয়োজন হবেঃ

■ আফ্রায়ক, সদস্য, কো-অপ্ট সদস্য ও সদস্য সচিবের সম্মানী (৬,০০০ X ৮)	- ৪৮,০০০/-
■ সহকারী সচিব -১ জন (২০০০X১)	- ২,০০০/-
■ সহায়ক কর্মকর্তা-২ জন (১,৫০০X২)	- ৩,০০০/-
■ সহায়ক কর্মচারী-৪ জন (১০০০ X ৪)	- ৪,০০০/-
■ ষ্টেশনারী ক্রয় বাবদ	- ১,২০০/-
সর্বমোট	= ৫৮,২০০/-

১০৩। অনুচ্ছেদ-১০২ এর বর্ণনামতে প্রতিটি সভার জন্য ৫৮,২০০/- (আটান্ন হাজার দুইশত) টাকা করে প্রয়োজন হবে যা উপ-সচিব, প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে প্রদান করা যেতে পারে। প্রস্তাব অনুমোদিত হলেঃ

ক. ১৩/০৫/২০২৬ তারিখে অনুষ্ঠিত সভাসহ পরবর্তীতে প্রতিটি সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে কমিটির সদস্যগণকে পৃথকভাবে নোটিশ প্রদান করা যায়।

খ. গঠিত কমিটির সম্মানিত সদস্য, সহায়ক কর্মকর্তা ও কর্মচারীদের সম্মানী ও ষ্টেশনারী খরচ বাবদ প্রতিটি সভার জন্য ৫৮,২০০/- (আটান্ন হাজার দুইশত) টাকার অস্থায়ী অগ্রিম উপ-সচিব, প্রশাসন বিভাগ-১ এর অনুকূলে প্রেরণের নিমিত্ত পেপারলেস সফটওয়্যারের মাধ্যমে হিসাব বিভাগে পত্র প্রেরণ করা যেতে পারে।

গ. আপ্যায়নের ব্যবস্থা করার জন্য উপ সচিব, কমন সার্ভিস বিভাগ কে বলা যেতে পারে।

১০৪। উপরোক্ত নোট অনুচ্ছেদ- ১০৩ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল। প্রস্তাব অনুমোদিত হলে পত্রাংশে রক্ষিত নোটিশের খসড়া/পরিচ্ছন্ন কপিতে সচিব, ঢাকা ওয়াসা স্বাক্ষর করতে পারেন।

২৫/৫/২৬

সাইফুল আরজীন
উপ-সচিব
প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা।

সহকারী সচিব, প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা।

১২.০৫.২৬
আতিয়া পারভীন
উপ-সচিব
প্রশাসন বিভাগ-১
ঢাকা ওয়াসা

২৬/০৫/২০২৬
এস এম জাহাঙ্গীর হোসেন
সচিব
ঢাকা ওয়াসা

২৬.০৫.২০২৬

DMD (HR & Admin)

মোঃ মিজানুল হক
উপব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) (অঃ দায়)
ঢাকা ওয়াসা।

২৬/০৫/২০২৬
ব্যবস্থাপনা পরিচালক
মোঃ আমিনুল হক
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।